**No.154** **Registered No. N. E. 930.**

# TRIPURA GAZETTE

***Published by Authority***

**EXTRAORDINARY ISSUE**

***Agartala, Monday, January 14, 2019 A. D., Pausa 24, 1940 S. E.***

**PART--I-- Orders and Notifications by the Government of Tripura, The High Court, Government Treasury etc.**

GOVERNMENT OF TRIPURA
OFFICE OF THE REGISTRAR OF COOPERATIVE SOCIETIES
Palace Compound, Agartala
Palace-03812323765, Fax No. 03812325935
(e-mail: rcstripura2013@gmail.com, Website: http:/ / www. cooperation.tripura.gov.in

No.F.2-1860/NGO/CELL/RS/TRIP/2017/117-21 Dated, Agartala, the 3rd January, 2019.

## সমবায় দপ্তর

ত্রিপুরা সরকার

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সেই সকল ক্লাব/সংস্থা/ সংঘ ইত্যাদির পরিচালকগণ/ সংগঠকগণ, যাহারা ২০১৮ইং বর্ষে শারদীয়া দুর্গাপুজা উদযাপন করেছেন, কিন্তু তাহাদের স্ব - স্ব ক্লাব / সংস্থা / সংঘ ইত্যাদি সমুহের নিবন্ধন করেন নাই, সেই সমস্ত ক্লাব/সংস্থা/সংঘ ইত্যাদির পরিচালক / সংগঠকদের নিকট আবেদন করা হচ্ছে, তাঁহারা যেন তাদের স্ব - স্ব ক্লাব / সংস্থা / সংঘ ইত্যাদির নিবন্ধন, সমিতি সমুহের নিবন্ধন আইন, ১৮৬০ (S.R. Act. 1860 ) অনুযায়ী উক্ত বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ার ১ (এক) মাসের মধ্যে নিবন্ধন করিয়ে নেন।

২) গত ০৭-১০-২০১৭ এবং ০৬-০৮-২০১৮ ইং তারিখে ত্রিপুরা রাজ্যের প্রচলিত সংবাদপত্রের মাধ্যমে প্রজ্ঞাপন দিয়ে সমিতি সমুহের নিবন্ধন আইন, ১৮৬০ (S.R. Act. 1860 ) অনুযায়ী রেজিস্ট্রিকৃত সমস্ত ক্লাব / সংস্থা / সংঘ ইত্যাদির নিকট তাঁদের পরিচালকমন্ডলীর নামের তালিকা এবং বার্ষিক হিসাব জমা দেওয়ার জন্য আবেদন করা হয়েছিল। কিন্তু ইহা পরিলক্ষিত হয় যে, অধিকাংশ ক্লাব / সংস্থা / সংঘ ইত্যাদি, সেই আবেদন যথারূপ সাড়া দেন নাই। তাই, রেজিস্ট্রিকৃত সমস্ত ক্লাব / সংস্থা / সংঘ ইত্যাদির পরিচালকগণ / সংগঠকদের স্ব - স্ব ক্লাব / সংস্থা / সংঘ ইত্যাদির পরিচালনমন্ডলীর নামের তালিকা এবং বার্ষিক হিসার উক্ত বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ার ১(এক) মাসের মধ্যে নিম্নে উল্লিখিত কর্তৃপক্ষের নিকট জমা দেওয়ার জন্য পুনরায় অনুরোধ করা হইতেছে। উক্ত সময়ের মধ্যে যে সকল ক্লাব / সংস্থা / সংঘ ইত্যাদির পরিচালকমন্ডলী নামের তালিকা এবং বার্ষিক হিসাব জমা দিতে অসমর্থ হইবেন, তাদের বিরুদ্ধে সমিতি সমুহের নিবন্ধন আইন, ১৮৬০ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা নেওয়া হইবে। তার জন্য আলাদা ভাবে দপ্তর কর্তৃক আর কোন প্রকার ঘোষনা দেওয়া হইবে না।

স্বাক্ষর অস্পষ্ট
নির্মল অধিকারী
সমিতি সমূহের নিয়ামক,
ত্রিপুরা সরকার,

তাং - ৩১ শে ডিসেম্বর, ২০১৮ ইং

***Printed at the Tripura Government Press, Agartala.***